

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আথাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৭/২০১৫

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ) এর দপ্তর স্বারক নং- ডিটিএম(অপাঃ)/ওটিআর/লগ/২০১৫/২৩৮, তারিখঃ ০১/০৪/২০১৫ইং সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

তারিখঃ ০৮/০৪/২০১৫খ্রিঃ

২৫ চৈত্র, ১৪২১বাংলা

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ) এর দপ্তর।

চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ। ফোনঃ ৮৮০-৩১-২৫১০৮৬৬, ফ্যাক্সঃ ৮৮০-৩১-২৫১০৮৮৯/২৫১০৮৭৮

নং-ডিটিএম(অপাঃ)/ওটিআর/লগ/২০১৫/২৩৮

তারিখঃ-০১/০৪/২০১৫ইং।

বরাবর

পরিবহন পরিদর্শক

শেড নং-১,২,৪,৫,৬,৭ ও ৮

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

চট্টগ্রাম।

বিষয় : চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত লম্বা লগ সমূহ সাধারণ পণ্যবাহী ট্রাকের পরিবর্তে ট্রেইলারে ডেলিভারী দেয়া প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, ইদানিং চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত অনেক লগ দৈর্ঘ্যে ৪০ ফুটেরও অধিক হিসাবে আসছে এবং এ সমস্ত রাউন্ড লগ ট্রাকে করেই ডেলিভারী নেয়া হচ্ছে। অধিক লম্বা লগ সমূহ ট্রাকে পরিবহনের কারণে দুর্ঘটনাসহ নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। দৈর্ঘ্যে লম্বা হওয়ায় সাধারণ ট্রাকে লগ সমূহ ডেলিভারী গ্রহণের প্রক্রিয়াটি বন্দরের ভিতরে ও বাহিরে রাস্তার জন্যও ঝুঁকিপূর্ণ ও অত্যন্ত বিপজ্জনক।

এমতাবস্থায়, লম্বা রাউন্ড লগ সমূহ ট্রাকের পরিবর্তে লগ পরিবহন যোগ্য ট্রেইলারে সঠিকভাবে ল্যাসিং করে যাতে পরিবহন করা হয় তা নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা গেল।

স্বাঃ/-

ডেপুটি ট্রাফিক ম্যানেজার(অপাঃ)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

পৃষ্ঠা নং- ১৭